



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

বিজ্ঞপ্তি

পত্র নং: ১২০৩

তারিখ: ১৭.১০.২০১৭খ্রি:

বিষয়: জেএসসি পরীক্ষা ২০১৭ ও এসএসসি পরীক্ষা ২০১৮ এর গোপনীয় কাজের জন্য শিক্ষা প্রতিষ্ঠানের কর্মরত শিক্ষকদের **Online** এ তথ্য **OEMS / eTIF** প্যানেল এর মাধ্যমে প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, আপনার শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত সকল শিক্ষকের তথ্য **oEMS/eTIF Online** এ আগামী ২৮/১০/২০১৭ তারিখের মধ্যে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

ঢাকা শিক্ষা বোর্ডের ওয়েবসাইট www.dhakaeducationboard.gov.bd এ **OEMS** প্যানেলে গিয়ে কর্মরত সকল শিক্ষকের তথ্য সন্নিবেশ করে প্রতিষ্ঠান প্রধান অনুমোদন দিবেন।

২। প্রত্যেক শিক্ষকের **Online** পৃথক পৃথক তথ্য **Approve** করতে হবে, সোনালী ব্যাংকের হিসাব নম্বর ও জাতীয় পরিচয়পত্র **NID** এর কপি সংযুক্ত করতে হবে। ইতোমধ্যে **SMART CARD** (জাতীয় পরিচয়পত্রের নতুন সংযোজন পেয়ে থাকলে পরিবর্তিত নতুন **NID** নম্বর **ENTRY** করতে হবে)

৩। **eTIF** প্যানেলে কোন শিক্ষকের ভুল কিংবা মিথ্যা তথ্য সন্নিবেশ করলে প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন।

৪। কর্মরত সকল শিক্ষকের তথ্য **eTIF** প্যানেলে অন্তর্ভুক্ত করতে হবে। কোন প্রতিষ্ঠান কর্মরত শিক্ষকের তথ্য প্রেরণে ব্যর্থ হলে উক্ত প্রতিষ্ঠান প্রধানের বিরুদ্ধে বিধিমোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য উর্ধ্বতন কৃর্তপক্ষকে সুপারিশ করা হবে। উল্লেখ্য খন্ডকালীন শিক্ষকদের তথ্য কোনক্রমেই অন্তর্ভুক্ত করা যাবে না।

৫। ইতোপূর্বে যে সকল শিক্ষকের তথ্য **eTIF** প্যানেলে অন্তর্ভুক্ত করা হয়েছে তাদের নতুন করে তথ্য দেয়ার প্রয়োজন নেই। তবে প্রয়োজন হলে সংশোধন করা যাবে।

৬। প্রতিষ্ঠান প্রধানসহ সকল শিক্ষকের তথ্য **ENTRY** নিশ্চিত করতে হবে অন্যথায় প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন।

17.10.17

তপন কুমার সরকার

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন- ৯৬৬৯৮১৫

প্রধান শিক্ষক/ অধ্যক্ষ

ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান।

সদয় অবগতির জন্য অনুলিপি:

১। সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

৩। জেলা প্রশাসক, ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা।

৪। উপজেলা নির্বাহী কর্মকর্তা, ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা।

৫। জেলা শিক্ষা অফিসার, ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা (তঁার আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানের কর্মরত শিক্ষকদের তথ্য প্রেরণের বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো)।

৬। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

17.10.17

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা